



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১৪০

তারিখ: ২২/০৯/২০২০খ্রি:

বিষয়: শিক্ষা কার্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আকস্মিক পরিদর্শন


উপর্যুক্ত বিষয়ে লক্ষ্য করা যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকার কারণে মাঠ পর্যায়ের কোন-কোন কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সব শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা কার্যালয়সমূহে নিয়মিতভাবে পরিদর্শনের প্রয়োজন অনুভব করছেন না। কিন্তু এটা সর্বজনবিদিত যে, সরকারের সঠিক ও সমযোচিত উদ্যোগের ফলে আমাদের শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও শিক্ষা কর্মকর্তাগণ অত্যন্ত প্রশংসনীয়ভাবে টিভি ও অনলাইন ক্লাসে দ্রুত অভ্যস্ত ও দক্ষ হয়ে উঠছেন। ডিজিটাল লিটারেসির এই উত্তরণ যেন আরও ত্বরান্বিত হয় সে কারণে নতুনভাবে এবং নতুন উদ্যমে নিয়মিতভাবে শিক্ষা কার্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আকস্মিক পরিদর্শন করা অত্যাৱশ্যক। অঞ্চলসমূহে পরিচালক ও উপ-পরিচালক এর নেতৃত্বে নিয়মিত সভা (মাসে ১বার), প্রতিষ্ঠান প্রধান কর্তৃক তাঁর সহকর্মীদের নিয়ে সভা (মাসে ২বার), প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অভিভাবকদের সাথে মতবিনিময় সভা (২মাসে ১বার) ইত্যাদি যথারীতি অনুষ্ঠিত হচ্ছে কিনা এবং বিভিন্ন প্রতিষ্ঠানে অনলাইন ক্লাস গ্রহণের ধরণ, বিভিন্ন বিষয়ে গৃহীত মোট ক্লাসের সংখ্যা এই বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করে নতুন স্বাভাবিক পরিস্থিতি বিবেচনায় এনে পূর্বের মনিটরিং তথ্য ছকে কিছুটা পরিবর্তন করা হয়েছে।

এমতাবস্থায়, মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা তার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা কার্যালয়সমূহ সংযুক্ত ছক অনুযায়ী নিয়মিতভাবে আকস্মিক পরিদর্শনপূর্বক সফট কপি director_mew_dshe@yahoo.com এ তথ্য পাঠানোর জন্য বলা হলো।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল অঞ্চল/জেলা/উপজেলা/থানা'র শিক্ষা কর্মকর্তা তাঁর প্রমাপ অনুসারে সমন্বিত মনিটরিং পরিকল্পনার আওতায় বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষা অফিসসমূহ নিয়মিত সংযুক্ত ছক অনুযায়ী আকস্মিক পরিদর্শনপূর্বক বর্ণিত ঠিকানায় তথ্য পাঠানোর জন্যও নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: মনিটরিং তথ্য ছক (২টি)


(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা


১. আঞ্চলিক পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
২. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা)
৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল উপজেলা/থানা)

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১৪০

তারিখ: ২২/০৯/২০২০খ্রি:

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর [পত্রটি (সংযুক্ত ছকসহ) মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৬। প্রতিষ্ঠান প্রধান (সকল সরকারি ও বেসরকারি)
- ৭। পিএটু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৮। সংরক্ষণ নথি।



22.09.2020
(প্রফেসর মো: আমির হোসেন)
পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
ফোন: ৯৫৫৫১৩০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/প্রশা:/২০২০/৯৬

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত পত্র ও বিষয়ের প্রেক্ষিতে অত্র কলেজের সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধানগণকে পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র কলেজ।
৩. ওয়েব সাইট কপি।
৪. অফিস কপি।